

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

নং-৪৬.৪২.৫১০০.০০০.১৪.০৪৭.১৫. ২৬০৪


তারিখঃ ০৫ আষাঢ় ১৪২৩  
২২ জুন ২০১৬

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে লক্ষ্মীপুর জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ লক্ষ্মীপুর জেলা পরিষদের স্মারক নং-লজেপ/২০১৬/৭১১, তারিখঃ ২৫/৪/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, ২০১৫-২০১৬ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দের ১০% সংরক্ষিত খাতের বরাদ্দ হতে ১৫.৫০ লক্ষ (পনের লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় জনাব এম, এ আউয়াল, মাননীয় সংসদ সদস্য, লক্ষ্মীপুর-১ এর সাথে পরামর্শক্রমে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ করে বাস্তবায়নের অনুমোদন দেয়া হয়। বরাদ্দকৃত ১৫.৫০ লক্ষ (পনের লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় মাননীয় সংসদ সদস্য ২২টি প্রকল্পের তালিকা জেলা পরিষদে দাখিল করেন। কিন্তু প্রকল্পগুলো কোন প্রতিষ্ঠান কেন্দ্রিক নয় বরং ব্যক্তি কেন্দ্রিক।

২। এমতাবস্থায়, সরকারি অর্থে ব্যক্তির বাড়িতে প্রকল্প বাস্তবায়নের কোন সুযোগ নেই বিধায় মাননীয় সংসদ সদস্য, লক্ষ্মীপুর-১ এর সাথে পরামর্শক্রমে প্রকল্প তালিকা সংশোধন করে আইন অনুযায়ী প্রকল্পগ্রহণ করে বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(জুবাইদা নাসরীন)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, লক্ষ্মীপুর

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। জনাব এম, এ আউয়াল, মাননীয় সংসদ সদস্য, লক্ষ্মীপুর-১, বাংলাদেশ জাতীয় সংসদ।
- ২। প্রশাসক, জেলা পরিষদ, লক্ষ্মীপুর।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।